



ঢাবিতে ড. জাকির নায়েককে সম্মানসূচক ডক্টরেট প্রদানের দাবিতে স্মারকলিপি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) একদল শিক্ষার্থী ইসলামী বক্তা ও মানবতাবাদী ড. জাকির নায়েককে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি দেওয়ার জন্য উপ-উপাচার্য (প্রশাসন)-এর কাছে স্মারকলিপি জমা দিয়েছে।

সোমবার (৩ নভেম্বর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে স্মারকলিপি প্রদান এবং সংবাদ সম্মেলনের মাধ্যমে শিক্ষার্থীরা বলেন, ড. জাকির নায়েক শুধু ইসলামের শিক্ষাকে ছড়িয়ে দিচ্ছেন না, তিনি মানবকল্যাণে অসংখ্য উদ্যোগ গ্রহণ করেছেন। তার প্রতিষ্ঠিত 'ইউনাইটেড এইড' সংস্থার মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে হাজার হাজার শিক্ষার্থী বৃত্তি ও সহায়তা পাচ্ছে।

শিক্ষার্থীরা আরও উল্লেখ করেন, ভারতের উগ্র হিন্দুতাবাদী সরকারের ষড়যন্ত্রের কারণে তাকে দেশত্যাগ করতে হয়েছে, তবে মালয়েশিয়া সরকার তাকে রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বাগত জানিয়েছে। এ ধরনের আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবতাবাদী ও জ্ঞানচর্চার প্রতীককে সম্মানসূচক ডক্টরেট দেওয়া হলে দেশের মর্যাদা বৃদ্ধি পাবে।

শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে বিশেষ সমাবর্তনের মাধ্যমে ড. জাকির নায়েককে ডিগ্রি প্রদানের আহ্বান জানান।